দৈনিক ইনকিলাব

তারিখ 13 NOV 1992
পৃষ্ঠা ৫ কলাম ৮

32

## ইসলাম শিক্ষা বইতে ভুল

বাংলাদেশ সরকারের জাতীয় শিক্ষাক্রম ও টেক্সট বুক বোর্ড কর্তৃক ৬ষ্ঠ শ্রেণীর ইসলাম শিক্ষা (পুনর্মুদ্রণ ফেব্রুয়ারী ১৯৯১ ইং) বইয়ের ৪২ পৃষ্ঠায় নামাজের ফরজ ১৩টির ক্ষেত্রে ১৪টি দেয়া হয়েছে। আর এ ভুল বিভিন্ন বইয়ে দেখলাম ১৯৮৮ সাল হতেই ছাপানো হয়েছে। পরিতাপের বিষয়, বইটি আজ পর্যন্ত অনেকবার পুনর্মুদ্রণ করা হয়েছে। কিন্তু ভুল রয়েই গেছে। যে দেশে শতকরা পঁচাশিজন অধিবাসী মুসলমান সে দেশের "ইসলাম শিক্ষা" বইতে যদি নামাজের ফরজ ভুল ছাপানো হয়ে থাকে— তা হলে জাতি কোন্ পথে পরিচালিত হবে তা চিন্তা করা দরকার।

—মোহাম্মদ নুরুল হোছাইন